রামকৃষ্ণ মিশন লোকশিক্ষা পরিষদ, রামকৃষ্ণ মিশন আশ্রম
নরেন্দ্রপুর, কোলকাতা-১০৩ দ্বারা অনুমোদিত
ভগবানপুর-২ মা সারদা গ্রাম মঙ্গল গুচ্ছ সমিতির
বার্ষিক পত্রিকা

# ঋতজা

# (Ṛtajā)

(An Annual Magazine of Bhagwanpur-II Maa Sarada Gram Mangal Guchha Samity)

২০২৫


ভগবানপুর-২ মা সারদা গ্রাম মঙ্গল গুচ্ছ সমিতি
(রামকৃষ্ণ মিশন লোকশিক্ষা পরিষদ, রামকৃষ্ণ মিশন আশ্রম, নরেন্দ্রপুর, কোলকাতা-১০৩ দ্বারা অনুমোদিত)
সুয়াদিঘী, মুগবেড়িয়া, ভূপতিনগর, পূর্ব মেদিনীপুর, পশ্চিমবঙ্গ, পিন-৭২১৪২৫
Mail ID-b2msgmgs@gmail.com Websit : www.b2msgm.org

## সূচীপত্র


| | |
|---|---|
| বন্দে শ্রীবিবেকানন্দম্ | পণ্ডিত প্রবর জ্যোতির্ময় নন্দ - ২২ |
| বিবেক-দর্পণে গ্রামোন্নয়ন | চৈতন্যময় নন্দ - ২৪ |
| বিবেকানন্দ | তরুণকান্তি ত্রিপাঠী - ২৭ |
| রামকৃষ্ণ এখনো তোমাকে | গৌরচাঁদ পাত্র - ২৭ |
| শ্রীরামকৃষ্ণের নবধর্ম | রণজিৎ কুমার নায়েক - ২৮ |
| Swami Vivekananda's Scheme of Social Service | Dr. Alok Ranjan Khatua - ৩০ |
| রামকৃষ্ণ পরমহংসদেব ও স্বামী বিবেকানন্দ ঃ গুরু-শিষ্যের চিরন্তন নিদর্শন | চন্দন মাইতি - ৩৩ |
| A Few Glimpses of Vivekananda's Wit, Humour and Irony, – Swami Vivekananda | Ashim Bikash Maiti - ৩৬ |
| স্মরণে মননে স্বামীজী | কমলকৃষ্ণ জানা - ৩৮ |
| এসো হে বীর | তরুণ কুমার ত্রিপাঠী - ৩৮ |
| Humanism and Hedonism : A Balanced Approach to Life through the light of Swami Vivekananda | Deblina Acharyya - ৩৯ |
| আত্মনির্ভরশীল হও, আত্মকেন্দ্রিক নয় | সন্দীপ মাইতি - ৪২ |
| স্বামী বিবেকানন্দের আধ্যাত্ম-চেতনায় সঙ্গীত ঃ একটি সংক্ষিপ্ত আলোচনা | প্রীতম কাঠাম - ৪৫ |
| সময়ের দাবী ঃ নীতিভিত্তিক সমাজই আদর্শ সমাজ | ড. ভরত মালাকার - ৫১ |
| জীবে প্রেম করে যেই জন | শুভ্রাংশু ত্রিপাঠী - ৫৬ |
| মানবদরদী বিবেকানন্দ | অঞ্জন কুমার মান্না - ৫৮ |
| Value Education in the Vision of Swami Vivekananda | Sobha Sahoo - ৬০ |
| মানব কল্যাণের উপায় | বিরোচন নন্দ - ৬৩ |
| আবেদন | রবীন্দ্র নারায়ণ রায় - ৬৪ |
| বীর সন্ন্যাসী বিবেকানন্দ | বিশ্বনাথ দাস - ৬৫ |
| বিবেক বন্দনা | কশ্যপ ধাড়া - ৬৫ |
| অপরিকল্পিত কৃষি-নীতি ও তার কিছু প্রতিকার | গৌরহরি আচার্য্য - ৬৬ |
| Donation / Suscription & Contribution | ৬৮ |
| Payment Receipt | ৭১ |

# স্বামী বিবেকানন্দের আধ্যাত্ম-চেতনায় সঙ্গীত: একটি সংক্ষিপ্ত আলোচনা

Pritam Katham
Asst. Prof. , Dept. of Music,
Mugberia Gangadhar Mahavidyalaya,
Bhupatinagar, Purba Medinipur, 721425.

"Music is the highest art and to those who understand, is the highest worship".

-Swami Vivekananda.

স্বামী বিবেকানন্দ, ভারতের অন্যতম শ্রেষ্ঠ সন্তান এবং একজন আধ্যাত্মিক ব্যাক্তিত্ব। তিনি ছিলেন একাধারে বহুমুখী প্রতিভার অধিকারী, একজন মহান দার্শনিক, অসাধারণ বক্তা, একজন অসাধারণ লেখক। সংস্কৃত, বাংলা, ইংরেজি, ফরাসি সাহিত্য, পূর্ব ও পশ্চিমী সংস্কৃতি এবং ভারতের বিভিন্ন শিল্পকলায় বিপুল জ্ঞানসম্পন্ন একজন ভারতীয় সমাজ সংস্কারক। এছাড়াও তিনি বিভিন্ন ধরনের সঙ্গীতের তত্ত্ব, ব্যবহারিক দিকে সমানভাবে পারদর্শী এবং একজন অসাধারণ পাখোয়াজ বাদকও ছিলেন। তিনি বিভিন্ন ভাষায় অসংখ্য প্রবন্ধ, রচনা, কবিতা এবং কিছু সঙ্গীত রচনাও করেছিলেন। বিবেকানন্দ(নরেন্দ্রনাথ) মাত্র ২৩/২৪ বছর বয়সে বাংলা ভাষায় সঙ্গীত বিষয়ক সংকলন গ্রন্থ "সঙ্গীত কল্পতরু" সম্পাদনা করেন বন্ধু শ্রী বৈষ্ণব চরণ বসাকের উদ্যোগে, যা প্রথম প্রকাশিত হয়েছিল আগস্ট-সেপ্টেম্বর, ১৮৮৭ সালে, ১১৮ আপার চিৎপুর, কলকাতা, আর্য পুস্তকালয় থেকে।[১] পুস্তকটি কিছুকাল পরে বিলুপ্ত হয়ে যায় এবং পরবর্তীকালে অনেক গবেষণার মাধ্যমে আবার পুনরুদ্ধার সম্ভব হয়। কিছু নির্ভরযোগ্য সূত্র থেকে গবেষকরা স্বামী বিবেকানন্দ রচিত মাত্র ছয়টি গান খুঁজে পেয়েছেন। এর মধ্যে রয়েছে হিন্দি ভাষায় লেখা একটি গান যা রাগ মুলতান বা (ভিন্ন মতে রাগ মিশ্রধানি তে) রচিত-

১. তাথৈয়া তাথৈয়া নাচে ভোলা, বম্ বব বাজে গাল।
ডিমি ডিমি ডিমি ডমরু বাজে, দুলিছে কপাল মাল ॥
গরজে গঙ্গা জটামাঝে, উগরে অনল ত্রিশূল রাজে,
ধক্ ধক্ ধক্ মৌলিবন্ধ, জ্বলে শশাঙ্কভাল ॥[২]

২. হর হর হর ভূতনাথ পশুপতি।
যোগেশ্বর মহাদেব শিব পিনাকপাণি।।
উর্ধ্ব জ্বলত জটাজাল নাচত ব্যোমকেশ ভাল।
সপ্ত-ভূবন ধরত তাল টলমল অবনী।।[৩]

-যা শিবের মহিমা বর্ণনা করে।

৩. একরূপ , অরূপ - নাম - বরণ , অতীত - আগামিকাল - হীন ,
দেশহীন , সর্বহীন , "নেতি নেতি" বিরাম যথায় ।
সেথা হ'তে বহে কারণ - ধারা ধরিয়ে বাসনা বেশ উজলা
গরজি গরজি উঠে তার বারি , "অহমহমিতি" সর্বক্ষণ ॥
সে অপার ইচ্ছা - সাগরমাঝে , অযুত অনন্ত তরঙ্গ রাজে ,
কতই রূপ , কতই শকতি , কত গতি স্থিতি , কে করে গণন ॥
কোটি চন্দ্র, কোটি তপন, লভিয়ে সেই সাগরে জনম ,
মহাঘোর রোলে ছাইল গগন , করি দশদিক জ্যোতিঃ মগন ॥

তাহে বসে কত জড় জীব প্রাণী, সুখ দুঃখ জরা জনম মরণ,
সেই সূর্য, তারি কিরণ; যেই সূর্য সেই কিরণ ।।[৪]

-স্বামী প্রজ্ঞানানন্দের মতে এটি ঋগবেদের নাসদীয় সূক্ত বা সৃষ্টি-সূক্ত নামে পরিচিত দর্শনকে প্রতিফলিত করে,[৫] -যা বাংলা ভাষায় রচিত এবং বড়হংস সারং রাগে (বা ভিন্ন মতে খাম্বাজ) এবং চৌতালে নিবদ্ধ।

৪. নাহি সূর্য নাহি জ্যোতিঃ নাহি শশাঙ্ক সুন্দর।
ভাসে ব্যোমে ছায়া-সম ছবি বিশ্ব-চরাচর।
অস্ফুট মন আকাশে, জগত সংসার ভাসে,
ওঠে ভাসে ডুবে পুনঃ অহং-স্রোতে নিরন্তর।
ধীরে ধীরে ছায়া-দল, মহালয়ে প্রবেশিল,
বহে মাত্র 'আমি আমি' — এই ধারা অনুক্ষণ।
সে ধারাও বন্ধ হল, শূন্যে শূন্য মিলাইল,
'অবাঙমনসোগোচরম্', বোঝে — প্রাণ বোঝে যার। [৬]

-যা ভারতীয় দর্শন অনুযায়ী "নির্বিকল্প সমাধি" বর্ণনা করে। এটি রাগ বাগেশ্রী এবং ঝাঁপতালে রচিত। এই সংগীত প্রসঙ্গে গিরিশ ঘোষের ভাই অতুল বাবু বলেছিলেন - "এই গানটা যে বাঁধতে পারে সে একটা বড় লোক - এই একটা গানের জন্য সে জগতে বিখ্যাত হ'য়ে থাকবে"।[৭] এছাড়াও আছে মুলতানি, টিমা ত্রিতালে নিবদ্ধ-

৫. মুঝে বারি বনবারী সৈঁইয়া যানেকো দে।
যানেকো দেরে সৈঁইয়া, যানেকো দে ( আজু ভলা)
মেরা বনবারী বাঁদি তুহারি, ছোড় চতুরাই সৈঁইয়া যানেকো দে।
(আজু ভালা, যানেকো দে মেরে সৈঁইয়া যানেকো দে )
যমুনা কিনারে, ভরোঁ গাগরিয়া
(কর) জোড়ে কহত সৈঁইয়া যানেকো দে ।।[৮]

স্বামীজী গুরু শ্রীরামকৃষ্ণের উদ্দেশ্যে উৎসর্গীকৃত একটি প্রার্থনা-সঙ্গীত "খন্ডন ভব-বন্ধন, জগ-বন্দন বন্দি তোমায়", যা প্রথম পর্যায়ে একটু ভিন্ন ধরনের রচিত হলেও পরবর্তীতে স্বামীজী সংগীতটিকে সংযোজন ও পরিমার্জন করেন যা কিনা ধ্রুপদ শৈলীতে তথা রাগ মিশ্রকল্যাণ এবং প্রথমে চৌতালে, যথাক্রমে তিনতাল, দাদরা/একতাল, আবার যথারীতি তাল-ফেরতা এবং ধ্রুপদের ন্যায় লয়কারি সহ গীত হয় -

৬. খন্ডন ভব-বন্ধন, জগ-বন্দন বন্দি তোমায়।
নিরঞ্জন, নর-রূপ ধর, নির্গুন গুনময় ।।
মোচন অঘদূষণ, জগভূষণ, চিদঘনকায়।
জ্ঞানাঞ্জন-বিমল-নয়ন, বীক্ষনে মোহ যায় ।।
ভাস্বর ভাব-সাগর, চির-উন্মদ-প্রেম-পাথার।
ভক্তার্জন-যুগল চরণ, তারণ-ভব-পার ।।
জৃম্ভিত-যুগ-ঈশ্বর, জগদীশ্বর, যোগসহায়।
নিরোধন, সমাহিতমন নিরখি তব কৃপায় ।।
ভঞ্জন-দুঃখগঞ্জন, করুণাঘন, কর্ম-কঠোর।
প্রাণার্পণ, জগত-তারণ, কৃন্তন-কলিডোর ।।
বঞ্চন-কামকাঞ্চন, অতিনিন্দিত-ইন্দ্রিয়রাগ।

ত্যাগীশ্বর, হে নরবর! দেহপদে অনুরাগ ॥
নির্ভয়, গতসংশয়, দৃঢ়নিশ্চয়-মানসবান্।
নিষ্কারণ-ভকত-শরণ, ত্যজি জাতি-কুল-মান ॥
সম্পদ তব শ্রীপদ ভব-গোষ্পদ-বারি যথায়।
প্রেমার্পণ, সমদরশন, জগজন-দুঃখ যায় ॥
নমো নমো প্রভু! বাক্য-মনাতীত, মনোবচনৈকাধার।
জ্যোতির জ্যোতি উজল-হৃদিকন্দর তুমি তম-ভঞ্জন হার ॥
ধে ধে ধে লঙ্গ রঙ্গ ভঙ্গ, বাজে অঙ্গ সঙ্গ মৃদঙ্গ, গাহিছে ছন্দ ভকতবৃন্দ, আরতি তোমার ॥
জয় জয় আরতি তোমার, হর হর আরতি তোমার, শিব শিব আরতি তোমার॥[৯]

বিশ্বব্যাপী শ্রীরামকৃষ্ণ-ভাবাদর্শের মঠ-মন্দিরগুলোতে গাওয়া এই বিখ্যাত ভক্তিমূলক গানটি স্বামী বিবেকানন্দের সঙ্গীত সম্পর্কে এক অনন্য দৃষ্টিভঙ্গি তুলে ধরে যা, "There is science in Dhrupad, Kheyal, etc., but it is in Kirtana, i.e. in Mathura and Viraha and other like compositions that there is real music — for there is feeling. Feeling is the soul, the secret of everything. There is more music in common people's songs, and they should be collected together. The science of Dhrupad etc., applied to the music of Kirtana will produce the perfect music".[১০]

স্বামীজি কিছু সংস্কৃত স্তোত্র ও মন্ত্র রচনা করেছিলেন। যেমন শ্রীরামকৃষ্ণ স্তোত্রম-

**ক. ॥ রামকৃষ্ণ স্তোত্র ॥**

ওঁ হ্রীং ঋতং ত্বমচলো গুণজিদ্গুণেড্যো
নক্তং দিবং সকরুণং তব পাদপদ্মম্
মোহঙ্কষং বহুকৃতং ন ভজে যতোঽহম্
তস্মাত্ত্বমেব শরণং মম দীনবন্ধো
ভক্তির্ভগশ্চ ভজনং ভবভেদকারি
গচ্ছংত্যলং সুবিপুলং গমনায তত্ত্বম্
বক্ত্রোদ্ধৃতংতু হৃদি মে ন চ ভাতি কিংচিত্
তস্মাত্ত্বমেব শরণং মম দীন বন্ধো ॥
তেজস্তরংতি তরসা ত্বযি তৃপ্ততৃষ্ণাঃ
রাগে কৃতে ঋতপথে ত্বযি রামকৃষ্ণে
মর্ত্যামৃতং তব পদং মরণোর্মিনাশম্
তস্মাত্ত্বমেব শরণং মম দীনবন্ধো ॥
কৃত্যং করোতি কলুষং কুহকাংতকারি
ষ্ণাংতং শিবং সুবিমলং তব নাম নাথ
যস্মাদহং ত্বশরণো জগদেকগম্যম্
তস্মাত্ত্বমেব শরণং মম দীনবন্ধো ॥[১১]

**খ. ॥ শ্রীরামকৃষ্ণস্তোত্রম্ ॥**

আচণ্ডালাপ্রতিহতরয়ো যস্য প্রেমপ্রবাহঃ
লোকাতীতোঽপ্যহহ ন জহৌ লোককল্যাণমার্গম্

ত্রৈলোক্যেঽপ্যপ্রতিমমহিমা জানকীপ্রাণবন্ধ
ভক্ত্যা জ্ঞানং বৃতবরবপুঃ সীতয়া যো হি রামঃ॥
স্তব্ধীকৃত্য প্রলয়কলিতম্বাহবোত্থং মহান্তং
হিত্বা রাত্রিং প্রকৃতিসহজামন্ধতামিস্রমিশ্রাম্।
গীতং শান্তং মধুরমপি যঃ সিংহনাদং জগর্জ
সোঽয়ং জাতঃ প্রথিতপুরুষো রামকৃষ্ণস্ত্বিদানীম্॥

নরদেব দেব      জয় জয় নরদেব।
শক্তি সমুদ্র সমুত্থতরঙ্গং      দর্শিতপ্রেমবিজৃম্ভিতরঙ্গম্।
সংশয়রাক্ষসনাশমহাস্ত্রং      যামি গুরুং শরণং ভববৈদ্যম্।
নরদেব দেব      জয় জয় নরদেব।
অদ্বয়তত্ত্বসমাহিতচিত্তং      প্রোজ্জ্বলভক্তিপটাবৃতবৃত্তম্
কর্মকলেবরমদ্ভুতচেষ্টং      যামি গুরুং শরণং ভববৈদ্যম্।
নরদেব দেব      জয় জয় নরদেব।[২১]

গ. ॥ অম্বা-স্তোত্রম্ ॥

কা ত্বং শুভে শিবকরে সুখদুঃখহস্তে
আঘূর্ণিতং ভবজলং প্রবলোর্মিভঙ্গৈঃ।
শান্তিং বিধাতুমিহ কিং বহুধা বিভগ্নাং
মাতঃ প্রযত্নপরমাসি সদৈব বিশ্বে ॥ ১ ॥
সম্পাদয়ন্ত্যবিরতং ত্ববিরামবৃত্তা
যা বৈ স্থিতা কৃতফলং ত্বকৃতস্য নেত্রী।
সা মে ভবত্বনুদিনং বরদা ভবানী
জানাম্যহং ধ্রুবমিয়ং ধৃতকর্ম পাশা ॥ ২ ॥
কিং বা কৃতং কিমকৃতং ক্ব কপাললেখঃ
কিং কর্ম বা ফলমিহাস্তি হি যাং বিনা ভোঃ।
ইচ্ছাগুণৈর্নিয়মিতা নিয়মাঃ স্বতন্ত্রৈঃ
যস্যাঃ সদাভবতু সা শরণং মমাদ্যা ॥ ৩ ॥
সন্তানয়ন্তি জলধিং জনিমৃত্যুজালং সম্ভাবয়ন্ত্যবিকৃতং বিকৃতং বিভগ্নম্।
যস্যা বিভূতয় ইহামিতশক্তিপালাঃ
নাশ্রিত্য তাং বদ কুতঃ শরণং ব্রজামঃ ॥ ৪ ॥
মিত্রে রিপৌ ত্ববিষমং তবপদ্মনেত্রং
স্বস্থেহদুঃখে ত্ববিতথং তব হস্তপাতঃ।
ছায়া মৃতেস্তব দয়া ত্বমৃতঞ্চ মাতঃ
মুঞ্চন্তু মাং ন পরমে শুভদৃষ্টয়স্তে ॥ ৫ ॥
কাম্বা শিবা ক গৃণনং মমহীনবুদ্ধেঃ
দোর্ভ্যাং বিধৃতমিব যামি জগদ্বিধাত্রীম্।
চিন্ত্যং শ্রিয়া সুচরণং ত্বভয়প্রতিষ্ঠং সেবাপরৈরভিনুতং শরণং প্রপদ্যে ॥৬ ॥

যা মাং চিরায় বিনয়ত্যতিদঃখমার্গৈঃ
আসংসিদ্ধেঃ স্বকলিতৈর্ললিতৈর্বিলাসৈঃ।
যা মে মতিং সুবিদধে সততং ধরণ্যাং
সাম্বা শিবা মম গতিঃ সফলেঽফলে বা ॥৭॥[১৩]

### ঘ. ॥ শিবস্তোত্রম ॥

*निखिलभुवनजन्मस्थेमभङ्गप्ररोहाः*
*अकलितमहिमानः कल्पिता यत्र तस्मिन्।*
*सुविमलगगनाभे ईशसंस्थेऽप्यनीशे*
*मम भवतु भवेऽस्मिन् भासुरो भावबन्धः॥*

*निहतनिखिलमोहेऽधीशता यत्र रूढा*
*प्रकटितपरप्रेम्णा यो महादेवसंज्ञः।*
*अशिथिलपरिरंभः प्रेमरूपस्य यस्य*
*प्रणयति हृदि विश्वं व्याजमात्रं विभुत्वम्॥*

*वहति विपुलवातः पूर्वसंस्काररूपः*
*प्रमथति बलवृन्दं घूर्णितेवोर्मिमाला।*
*प्रचलति खलु युग्मं युष्मदस्मत्प्रतीतं*
*अतिविकलितरूपं नौमि चित्तं शिवस्थम्॥*

*जनकजनितभावो वृत्तयः संस्कृताश्च*
*अगणनबहुरूपः यत्र एको यथार्थः।*
*शमितविकृतवाते यत्र नान्तर्बहिश्च*
*तमहह हरमीडे चित्तवृत्तेर्निरोधम्॥*

*गलिततिमिरमालः शुभ्रतेजःप्रकाशः*
*धवलकमलशोभः ज्ञानपुञ्जाट्टहासः।*
*यमिजनहृदिगम्यः निष्कलं ध्यायमानः*
*प्रणतमवतु मां स मानसो राजहंसः॥*

*दुरितदलनदक्षं दक्षजादत्तदोषं*
*कलितकलिकलङ्कं कम्रकह्लारकान्तं।*
*परहितकरणाय प्राण प्रच्छेदप्रीतम*
*नतनयननियुक्तं नीलकण्ठं नमामः॥*[১৪]

### ঙ. ॥ শ্রীশ্রীরামকৃষ্ণ প্রণাম মন্ত্র ॥

ওঁ স্থাপকায় চ ধর্মস্য সর্বধর্মস্বরূপিণে,
অবতার-বরিষ্ঠায় রামকৃষ্ণায় তে নমঃ ॥
ওঁ নমঃ শ্রীভগবতে রামকৃষ্ণায় নমো নমঃ।
ওঁ নমঃ শ্রীভগবতে রামকৃষ্ণায় নমো নমঃ।
ওঁ নমঃ শ্রীভগবতে রামকৃষ্ণায় নমো নমঃ।[১৫]

স্বামী শিবানন্দ মহারাজের সাথে কথোপকথনে স্বামী বিবেকানন্দ ভারতীয় এবং পাশ্চাত্য সঙ্গীত সম্পর্কে তাঁর অন্তর্দৃষ্টি এবং গভীর জ্ঞান প্রকাশ করেছিলেন[১৬] স্বামী অপূর্বানন্দ সম্পাদিত 'সাধন সংগীত' গ্রন্থে স্বামীজীর বাংলা গান গুলির স্বরলিপি প্রকাশিত হয়েছে।[১৭] স্বামীজির রচিত সংগীত গুলোতে ঈশ্বর চিন্তা বই কিছুই আমরা খুঁজে পাই না। প্রত্যেকটি স্বরচিত গানে আছে ঈশ্বরের মহিমা বর্ণন, আছে ভক্তি। স্বামীজীর সঙ্গীত সম্পর্কে বলেছেন -

"ঈশ্বরকে স্মৃতি পথে রাখিবার.... সর্বোৎকৃষ্ট সহায়ক সম্ভবতঃ - সঙ্গীত। ... মনুষ্য - মনের উপর সঙ্গীতের প্রচন্ড প্রভাব - উহা মুহূর্তে মনকে একাগ্র করিয়া দেয়। ... অতিশয় তামসিক জড়প্রকৃতি ব্যক্তিগণ - যাহারা এক মুহুর্তও মন স্থির করিতে পারে না, তাহারাও উত্তম সঙ্গীত শ্রবণ করিয়া মুগ্ধ হইয়া যায়, একাগ্র হইয়া যায়। এমনকি কুকুর, বিড়াল, সর্প, সিংহ প্রভৃতি জন্তুগণও সংগীত শ্রবণে মোহিত হইয়া থাকে"।।

**তথ্যসূত্র:**

১. "Swami Vivekananda o Sangeet Kalpataru" by Swami Prajnanananda.

২. https://bengalibhajans.rkmm.org/s/bnbj/m/%E0%A6%86%E0%A6%AE%E0%A6%BE%E0%A6%A6%E0%A7%87%E0%A6%B0-%E0%A6%97%E0%A6%BE%E0%A6%A8-1/a/%E0%A6%A4%E0%A6%BE%E0%A6%A5%E0%A7%88%E0%A6%AF%E0%A6%BC%E0%A6%BE-%E0%A6%A4%E0%A6%BE%E0%A6%A5%E0%A7%88%E0%A6%AF%E0%A6%BC%E0%A6%BE-

৩.https://www.youtube.com/watch?v=iHq7CEqhsXE

৪. সংগীত সংগ্রহ, প্রকাশক স্বামী ত্যাগরুপানন্দ,ত্রয়োদশ সংস্করণ,সেপ্টেম্বর ২০০৬, তৃতীয় মুদ্রণ ফেব্রুয়ারি ২০১৫, উদ্বোধন কার্যালয়, বাগবাজার, কলকাতা, ৭০০ ০০৩, পৃষ্ঠা- ৩৫৮

৫. সংগীত প্রতিভায় স্বামী বিবেকানন্দ, পৃষ্ঠা ৬৮

৬.https://bn.wikipedia.org/wiki/%E0%A6%A8%E0%A6%BE%E0%A6%B9%E0%A6%BF_%E0%A6%B8%E0%A7%82%E0%A6%B0%E0%A7%8D%E0%A6%AF_%E0%A6%A8%E0%A6%BE%E0%A6%B9%E0%A6%BF_%E0%A6%9C%E0%A7%8D%E0%A6%AF%E0%A7%8B%E0%A6%A4%E0%A6%BF

৭. স্বামীজীর জীবনের ঘটনাবলী প্রথম খন্ড পৃষ্ঠা ৭৯

৮.সংগীত সংগ্রহ, প্রকাশক স্বামী ত্যাগরুপানন্দ,ত্রয়োদশ সংস্করণ,সেপ্টেম্বর ২০০৬, তৃতীয় মুদ্রণ ফেব্রুয়ারি ২০১৫, উদ্বোধন কার্যালয়, বাগবাজার, কলকাতা, ৭০০ ০০৩, পৃষ্ঠা- ২২৮।

৯. https://www.youtube.com/watch?v=lWF_zmK_liU

১০ .https://www.swamivivekananda.guru/2020/04/27/on-music-2/

১১. https://kobitagraph.in/ramakrishna-stotram-om-hrim-ritam/

১২.https://www.youtube.com/watch?v=6mGpiecy8Gg

১৩.https://www.youtube.com/watch?v=m2WU5Jd5CzE

১৪.https://www.youtube.com/watch?v=eiBbR5A03AM

১৫.সংগীত সংগ্রহ, প্রকাশক স্বামী ত্যাগরুপানন্দ,ত্রয়োদশ সংস্করণ,সেপ্টেম্বর ২০০৬, তৃতীয় মুদ্রণ ফেব্রুয়ারি ২০১৫, উদ্বোধন কার্যালয়, বাগবাজার, কলকাতা, ৭০০ ০০৩, পৃষ্ঠা- ২৬৯

১৬. "SwamiVivekananda-The Artist" by Dr. Sudhish Chandra Banerjee.

১৭..সংগীত কল্পতরু প্রকাশক স্বামী সুপর্ণানন্দ, চতুর্থ মুদ্রণ, অক্টোবর ২০১৭,. প্রাসঙ্গিক তথ্য ও আলোচনা, ডঃ সর্বানন্দ চৌধুরী ,পৃষ্ঠা ২৩।